



শিলেটের সিলেটে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক হয়

জেলা শহরে মন্ত্রিসভার প্রথম বৈঠক

পাঁচ হাজার প্রাথমিক  
শিক্ষক নিয়োগের  
সিদ্ধান্তঃ অধিক মহিলা

123

সিলেট, ১২ই অক্টোবর (ব.সস)।—আজ সকালে এখানে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রাথমিক শিক্ষকদের পাঁচ সহস্রাধিক শূন্য পদ পূরণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জেলা শহরে মন্ত্রিপরিষদের এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে জনগণের চাহিদা ও মনোভাবের সঙ্গে ঘনিষ্ঠ পরিচিত হওয়া এবং বিশেষ করে স্থানীয় বাস্তব অবস্থার বিবেচনা করে স্থানীয় সিদ্ধান্ত নেয়ার জন্য।

জেলা শহরে এই প্রথম বরের মত মন্ত্রিপরিষদের বৈঠক বসলো। অন্যান্য জেলা সদর নফতালগোডেও ভবিষ্যতে মন্ত্রিপরিষদের বৈঠক বসবে

বলে সরকারী সূত্রে উল্লেখ করা হয়।

আজ জুম্মার নামাজের ঠিক আগে মন্ত্রিপরিষদের বৈঠক মূলতাব হয়ে যায় এবং পরে সন্ধ্যায় আবার বৈঠক বসে।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং মন্ত্রিসভার সদস্যবর্গ হজরত শাহ-জালালের মাজার শরীফ জেয়ারত করেন এবং ফাতেহা পাঠ করেন। তাঁরা সুবাই সেখানেই জুম্মার নামাজ আদায় করেন।

সকালের অধিবেশনে মন্ত্রিপরিষদ প্রাথমিক শিক্ষকদের শূন্য পদগুলো পূরণের সিদ্ধান্ত নিয়েছেন। বর্তমানে পাঁচ হাজারেরও বেশি পদ খালি আছে। প্রাথমিক শিক্ষকদের শূন্য পদ পূরণ এবং প্রাথমিক শিক্ষক সহ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর নতুন (দেখ পৃঃ ২-এর কঃ দঃ)

অধিক মহিলা

(প্রথম পৃঃ পর)

কর্মচারী নিয়োগ নিষিদ্ধ ছিল বলেই এসব পদ শূন্য রয়ে গেছে।

অবাণী নিবেদনার অংশিক শিথিল করায় মন্ত্রিপরিষদ এ সিদ্ধান্ত নিয়েছেন।

মন্ত্রিপরিষদের বৈঠকে আরও সিদ্ধান্ত নেয়া হয়েছে যে প্রাথমিক শিক্ষকদের শূন্য পদগুলোর শতকরা পঞ্চাশ ভাগ মহিলা শিক্ষয়িত্রী নিয়োগ করা হবে এবং এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়া বৈঠকে সিলেট বিমান-বন্দরের রনওয়েকে বোয়িং নামের উপযুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বিকলে বিএনপির স্টিমারিং কমিটি'র এক সভায় প্রেসিডেন্ট বক্তৃতা করেছেন। তিনি সিলেট শহরের বিশিষ্ট নাগরিকদের এক সমাবেশেও ভাষণ দিয়েছেন।